

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৩

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: كُنَّا نُصلِّي مَعَ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا نَتَوَضَّا من الموطئ. رَوَاهُ التِّرْمِذِيِّ

#### বাংলা

৫১৩-[২৪] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতাম। অথচ (পবিত্র মাটির) রাস্তায় চলার কারণে উযু (ওযু/ওজু/অজু) করতাম না। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাঊদ ২০৪, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১৯৯। হাদীসটি ইমাম তিরমিয়ী সানাদবিহীন অবস্থায় নিয়ে এসেছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্ণিত হাদীস হতে বুঝা যায় যে, উযূ (ওযু/ওজু/অজু) করার পর অপবিত্র স্থানে হাঁটলে উযূনষ্ট হয় না। তবে কেউ এখানে উযূকে আভিধানিক অর্থে নিয়েছেন। সুতরাং তারা হাদীসের অর্থ দ্বারা এখানে বুঝাতে চান যে, শুষ্ক নাপাক স্থানে হেঁটে গেলে তার পা ধৌত করা লাগবে না। আবূ দাউদ-এর একটি বর্ণনায় আছে 'আবদুল্লাহ (রাঃ) বলেন, আমরা উযূ করতাম না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন